



প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আপনার সন্তানের স্বাস্থ্য আমাদের কাছে গুরুত্বপূর্ণ বিষয়। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস-এর মিডল্ এবং হাই স্কুলের স্বাস্থ্য শিক্ষার ক্লাসগুলোতে রয়েছে সহিংসতা এবং আঘাতপ্রাপ্তির ঘটনা প্রতিরোধ; সামাজিক, আবেগজনিত, ও মানসিক স্বাস্থ্য; পুষ্টি এবং শারীরিক কর্মকাণ্ড; তামাক, অ্যালকোহল, এবং অন্যান্য মাদক-দ্রব্যের ব্যবহার প্রতিরোধ; এবং HIV-সহ যৌন স্বাস্থ্য। রোগ প্রতিরোধে, বৈধ স্বাস্থ্য বিষয়ক তথ্য ও পরিষেবা পেতে, এবং তাদের নিজস্ব সামাজিক, আবেগজনিত, ও মানসিক স্বাস্থ্য সেবার জন্য স্বাস্থ্য শিক্ষায় (হেলথ এডুকেশন) অর্জিত জীবন দক্ষতাগুলো প্রয়োগ করা শিক্ষার্থীদের জন্য এখন অন্য যেকোনো সময়ের চেয়ে বেশী প্রয়োজন।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ এডুকেশন, উভয় মিডল্ এবং হাই স্কুলে এক-সেমিস্টার হেলথ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষা) কোর্স বাধ্যতামূলক করেছে। এই ক্লাসে শিক্ষার্থীরা কীভাবে সুস্থ-সবল জীবনযাপন করতে পারে এবং ঝুঁকিপূর্ণ আচরণ এড়াতে পারে, তা শেখে। মিডল্ এবং হাই স্কুল স্বাস্থ্য শিক্ষার ক্লাসে রয়েছে যৌন স্বাস্থ্য বিষয়ে বিভিন্ন শিক্ষা যা আপনার সন্তানের জন্য বয়সোপযোগী। এই ইউনিটে স্টেট দ্বারা বাধ্যতামূলককৃত বার্ষিক HIV শিক্ষার পাঠসমূহ অন্তর্ভুক্ত।

যৌন স্বাস্থ্য বিষয়ের পাঠ শিক্ষার্থীদেরকে চিকিৎসাগতভাবে সঠিক তথ্য এবং ভাব বিনিময়ের দক্ষতা প্রদান করে যা তাদের জন্য সুস্থ এবং সুরক্ষিত থাকার সিদ্ধান্ত গ্রহণে সহায়তা দেয়। আমাদের সম্মিলিত লক্ষ্য হচ্ছে স্কুল-বয়সী কিশোর-কিশোরীদের যৌন কর্মকাণ্ড বিলম্বিত করা।

আমরা জানি যে আমাদের শিক্ষার্থী ও তাদের পরিবারদের বিভিন্ন ধরনের বিশ্বাস, সংস্কৃতি, এবং প্রথা রয়েছে। সেসব মূল্যবোধ আপনার সন্তানের জীবনের মৌলিক, অপরিহার্য দিকনির্দেশনা। একজন পিতামাতা/অভিভাবক হিসেবে, জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/যৌনবাহিত রোগ সংক্রমণ (STI) প্রতিরোধের মত কিছু পাঠে আপনার সন্তানকে অংশগ্রহণ করতে না দেয়ার অধিকার আপনার রয়েছে। আপনি তাকে পরিহার (অ্যাবস্টিনেন্স) অথবা অন্যান্য যৌন স্বাস্থ্য বিষয়ক শিক্ষার পাঠ থেকে অপসারণ করতে পারেন না। আপনার সন্তানকে কোন পাঠগুলোতে অংশগ্রহণ করতে দিতে চাইছেন না - সেবিষয়ে কোনও প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপাল, প্যারেন্ট কোঅর্ডিনেটর, অথবা হেলথ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষা) শিক্ষকের সাথে কথা বলুন।

আপনি যদি আপনার সন্তানকে জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI-র ক্লাসে অংশগ্রহণ থেকে অব্যাহতি দিতে চান, তবে আপনার সন্তানের প্রিন্সিপালের কাছে লিখিতভাবে তা জানিয়ে দিন। এই চিঠিতে উল্লেখিত বিষয়গুলো থাকতে হবে:

- জন্ম নিয়ন্ত্রণ ও HIV/STI প্রতিরোধ পদ্ধতির ক্লাস চলাকালে আপনার সন্তান ক্লাসরুমে উপস্থিত থাকবে না; এবং
- বাড়িতে আপনি আপনার সন্তানের সাথে এইসব প্রতিরোধ বিষয়ে আলোচনা করবেন।

অন্য সকল বিষয়ের মতই, পিতামাতা এবং অভিভাবকগণই সন্তানের প্রথম এবং সবচেয়ে প্রভাবশালী শিক্ষক। পিতামাতা, অভিভাবক, এবং স্কুলগুলোর লক্ষ্য এক: আমরা শিক্ষার্থীদের সব বয়সে এবং জীবনের প্রতিটি স্তরে সুস্থ-সবল দেখতে চাই। আমরা আপনার সন্তান ক্লাসে কী শিখছে সেটা নিয়ে সন্তানের সাথে আলোচনা করতে এবং তার সাথে কীভাবে সুস্থভাবে জীবন-যাপন করতে হয় সেবিষয়ে আপনার মূল্যবোধ শেয়ার করতে উৎসাহিত করছি। আপনি যদি আপনার সন্তানের হেলথ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষার) ক্লাস সম্পর্কে আরও জানতে আগ্রহী হন, তবে তার প্রিন্সিপাল এবং শিক্ষকদের সাথে কথা বলুন।

শুভেচ্ছান্তে,

ডেভিড সি. ব্যাংকস (David C. Banks)